

Times Today BD

আন্তর্জাতিক ডেস্ক | আন্তর্জাতিক | 02 May, 2025

সাবেক সরকারের আমলে রেখে যাওয়া আদানির বিদ্যুৎ বিলের বকেয়া কমিয়ে আনছে অন্তর্বর্তী সরকার। এ মুহূর্তে আদানিকে মাসিক বিলের পাশাপাশি বকেয়াও পরিশোধ করা হচ্ছে। শুক্রবার (২ মে) আদানি পাওয়ারের প্রধান অর্থনৈতিক কর্মকর্তা দিলীপ ঝা-র বরাতে এ তথ্য জানিয়েছে বার্তাসংস্থা রয়টার্স।

তিনি বলেছেন, বাংলাদেশ তার বকেয়ার পরিমাণ উল্লেখযোগ্য পরিমাণে কমিয়ে এনেছে। তবে এখনো বকেয়া রয়ে গেছে ৯০০ মিলিয়ন ডলার। যা তারা পাবেন বলে আশা তাদের।

রয়টার্স জানিয়েছে, আদানি পাওয়ারের সঙ্গে ২০১৭ সালে বাংলাদেশের চুক্তি হয়। তবে চুক্তি অনুযায়ী অর্থ দিতে হিমশিম খাচ্ছিল ঢাকা। ২০২২ সালে রাশিয়া-ইউক্রেনের মধ্যে যুদ্ধ শুরু হলে জ্বালানির মূল্য বৃদ্ধি এবং গত বছর সাবেক স্বৈরাচার প্রধানমন্ত্রী শেখ হাসিনার পতনের আন্দোলনের কারণে বকেয়া বাড়তে থাকে।

এর ফলশ্রুতিতে গত বছর আদানি পাওয়ার বাংলাদেশে তাদের বিদ্যুৎ সরবরাহ অর্ধেকে নামিয়ে এনেছিল। তবে বাংলাদেশ যেহেতু আবারও মাসিক বিল দিচ্ছে; সঙ্গে বকেয়াও পরিশোধ করছে তাই এখন পূর্ণমাত্রায় বিদ্যুৎ সরবরাহ করা হচ্ছে বলে জানিয়েছেন দিলীপ ঝা। তিনি গতকাল বৃহস্পতিবার বিশ্লেষকদের সঙ্গে ‘আয় পরবর্তী বৈঠকে’ বলেন, “আমরা বাংলাদেশে পূর্ণমাত্রায় বিদ্যুৎ সরবরাহ করছি। আমরা যে অর্থ বাংলাদেশের কাছ থেকে পাচ্ছি তা মাসিক বিল থেকে বেশি। আমরা আশাবাদী শুধুমাত্র মাসিক বিলের সমপরিমাণ নয়, আগের যেসব বকেয়া আছে সেগুলোও পরিশোধ করে দেওয়া হবে।”

আদানি পাওয়ার জানিয়েছে, বাংলাদেশের কাছে তাদের বিল হয়েছে ২ বিলিয়ন ডলার।
যারমধ্যে প্রায় ১ দশমিক ২ বিলিয়ন ডলার পরিশোধ করা হয়েছে।

গৌতম আদানি বাংলাদেশ শেখ হাসিনা মুহাম্মদ ইউনূস ভারত

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 07:16

URL: <https://www.timestodaybd.com/international/7758071775>